

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৭/ ৩৫৭

তারিখ: ১৬ নভেম্বর, ২০২২ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪০/২০২২

বিষয়: Rhenogran S-80 নামক পণ্যের H.S. কোড নির্ধারণ বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Lalmai Footwear Ltd. এর ০১/০৯/২০২২ খ্রিঃ তারিখের আবেদন।

Lalmai Footwear Ltd. নামক প্রতিষ্ঠান Rhenogran S-80 নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Lalmai Footwear Ltd.
আবেদনকারীর ঠিকানা	Khan Mansion (5th Floor), 107 Motijheel C/A, Dhaka-1000.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Rhenogran S-80
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Granular Form in Box
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	3812.39.90

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:

পণ্যটি আবদ্ধ অবস্থায় এবং দানাদার (হলুদ রঙ, গন্ধহীন) প্রকৃতিতে আমদানি করা হবে। পণ্যটি সকল প্রাকৃতিক এবং কৃত্রিম রাবারে Curing Agent হিসেবে ব্যবহৃত হয়। এটি ব্যবহারের মাধ্যমে রাবারের ঘর্ষণজনিত ক্ষয় এবং ageing effect প্রতিরোধ করা হয়।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

Rhenogran S-80 এর মূল উপাদান সালফার (প্রায় ৭০%-৯০%) হলেও এর সাথে অন্যান্য উপাদান মিশ্রিত অবস্থায় আছে বিধায় এটিকে চ্যাপ্টার 25 এ শ্রেণীবিন্যাস করা যাবে না। আবার, পণ্যটি ৯৯.৫% বিশুদ্ধ নয় বিধায় একে চ্যাপ্টার 28 এ ও শ্রেণীভুক্ত করা যাবে না। এমতাবস্থায়, পণ্যটি অবশ্যই চ্যাপ্টার 38 এ শ্রেণীবিন্যাসিত হবে। এক্ষেত্রে উপযুক্ত হেডিং হতে পারে 38.12। উক্ত হেডিং এর অন্তর্ভুক্ত Terms এর অংশবিশেষ হচ্ছেঃ anti-oxidizing preparations and other compound stabilizers for rubber or plastics. এ অংশবিশেষের ব্যাখ্যায় Explanatory Notes এর page VI-3812-1 এ বলা হয়েছেঃ This heading covers anti-oxidizing preparations for rubber or plastics (used, for example, in rubber manufacture to prevent hardening or ageing), such as mixtures of oligomers of 2,2,4-trimethyl 1-1,2-dihydroquinoline (TMQ), mixed alkylated diphenylamine and preparations based on N-naphthylaniline. উক্ত বর্ণনা আমদানিতব্য পণ্যের ব্যবহারের সাথে সামঞ্জস্যপূর্ণ। এমতাবস্থায় সার্বিক বিবেচনায় পণ্যটি 3812.39.90 এইচ.এস. কোডে শ্রেণীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম), বিধিমালা, ২০১৬ এর বিধি ০৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হল।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৬.১১.২০২২

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৭/

তারিখ: ১৬ নভেম্বর, ২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।


২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Lalmai Footwear Ltd., Khan Mansion (5th Floor), 107 Motijheel C/A, Dhaka-1000.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com